

খুলনায় স্কুল খুললেও আসেনি শিক্ষার্থী

খুলনা প্রতিনিধি

০৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



খুলনায় স্কুল খুললেও আসেনি শিক্ষার্থীরা। গতকাল সকাল থেকে অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে। স্কুলগুলোতে শিক্ষকরা এলেও শিক্ষার্থীদের দেখা যায়নি। শিক্ষার্থীদের উপস্থিতি না থাকায় শিক্ষকরাও চলে যান।

নগরীর করোনেশন, সেন্টজোসেপ, খালিশপুর বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খোঁজ নিয়ে জানা গেছে, গতকাল সকাল থেকে স্কুল খোলা হয়েছে। তবে স্কুলগুলোয় শিক্ষার্থীরা আসেননি। শুধু শিক্ষকরা এসেছেন। চলে পরীক্ষার-পরিচ্ছন্নতার কাজ।

সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাকামী মাকছুদা বলেন, শিক্ষা প্রতিষ্ঠান আমরা খুলে রেখেছি। আমার স্কুল ডাবল শিফটের। মর্নিং শিফটের কিছু মেয়েরা এসেছিল, তারা উপস্থিতি দিয়ে চলে গেছে। যেহেতু শিক্ষার্থী কম থাকায় ক্লাস করা সম্ভব হয়নি, তাই অভিভাবকরা তাদের নিয়ে চলে গেছেন। ওই শিফটের শিক্ষকরা ছিলেন, কিছুক্ষণ আগে তাদের চলে যেতে বলেছি। দুপুর ১২টায় ডে শিফটের শিক্ষকরা আসবেন।

সরকারি দৌলতপুর সরকারি মুহসিন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম জোয়াদ্দার বলেন, রাতে স্কুল খোলার ঘোষণা দেওয়ায় হয়তো বা অনেক শিক্ষার্থী বিষয়টি অবগত নয়, যার জন্য তারা স্কুলে আসেনি। তবে আজ বুধবার যাতে সবাই স্কুলে আসে, সে ব্যাপারে শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করা হয়েছে।

খুলনা মেট্রোপলিটন পুলিশ লাইন্স হাইস্কুলের প্রধান শিক্ষক মো. তরিকুল ইসলাম বলেন, সকালে স্কুল খোলা হয়েছে। শিক্ষকরা এসেছেন। তবে শিক্ষার্থীরা না আসায় ক্লাস হয়নি।

খুলনা জেলা শিক্ষা অফিসার ফারহানা নাজ বলেন, জেলা অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীরা এসেছেন। তবে পরিস্থিতি বিবেচনায় হয়তো অভিভাবককরা শিক্ষার্থীদের স্কুলে নিয়ে আসছেন না। তিনি জানান, খুলনায় সরকারি-বেসরকারি ৩৯৫টি স্কুল রয়েছে।

[সারা দেশ থেকে আরও পড়ুন](#)